# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**BANGLADESH WATER DEVELOPMENT BOARD**

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২১-৭৯

তারিখঃ ০৭-১২-১৪২৯ বঃ
২১-০৩-২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব দেওয়ান আশরাফুল পারভেজ (আইডি নং-৯৪১১১৫০০১), সহকারী প্রকৌশলী (পুর), বরগুনা পওর বিভাগ,বাপাউবো, বরগুনা ০৪-০১-২০২১ খ্রিঃ তারিখ হতে দাপ্তরিক কাজে অননুমোদিতভাবে অনুপস্থিতি সংক্রান্ত অভিযোগে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২১-৭৫ তারিখ ০২/০৩/২০২২ খ্রিঃ এর মাধ্যমে তাকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮(ক), ৪৮(খ) ও ৪৮(গ) মোতাবেক অভিযুক্ত করে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক কার্যধারা সূচনা করতঃ ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হলে তিনি তার জবাব দাখিল হতে বিরত থাকেন।

২। জনাব দেওয়ান আশরাফুল পারভেজ, সহকারী প্রকৌশলী(পুর) এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগ এবং অভিযোগের প্রেক্ষিতে তিনি জবাব দাখিল না করায় অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২১-১৯৬ তারিখ ২১/০৬/২০২২ খ্রিঃ এর মাধ্যমে আনীত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযোগ তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব দেওয়ান আশরাফুল পারভেজ, সহকারী প্রকৌশলী(পুর) এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষ কর্তৃক তাঁর উপর বোর্ডের "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। সে লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১)(খ)(উ) মোতাবেক তার উপর বাপাউবোর্ডের চাকরি হতে বরখাস্ত দন্ড কেন চূড়ান্তভাবে আরোপ করা হবে না, এ বিষয়ে প্রবিধানমালার প্রবিধান-৫২ এর উপ-প্রবিধান ৫২(৫) ও ৫২(৬) মোতাবেক উক্ত নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি প্রেরণ করতঃ ০৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২১-৩৭ তারিখ ২৯-০১-২০২৩ খ্রিঃ মোতাবেক তার স্থায়ী ঠিকানায় ও দাপ্তরিক ঠিকানায় নোটিশ প্রেরণ করা হয়। তিনি উক্ত কারণ দর্শানোর জবাব দাখিল হতে বিরত থাকেন।

৪। জনাব দেওয়ান আশরাফুল পারভেজ, সহকারী প্রকৌশলী(পুর) এর বিরুদ্ধে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৪-০১-২০২১ খ্রিঃ তারিখ হতে তাঁর উপর "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব দেওয়ান আশরাফুল পারভেজ, সহকারী প্রকৌশলী(পুর), বরগুনা পওর বিভাগ,বাপাউবো, বরগুনা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৪-০১-২০২১ খ্রিঃ তারিখ হতে চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

21/03/2023

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

E/Asma/OO.Dismiss P-19

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২১-৭৯(৮)

তারিখঃ ০৭-১২-১৪২৯ বঃ
২১-০৩-২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২। সচিব, বাপাউবো, ঢাকা।
৩। পরিচালক, প্রশিক্ষণ/কর্মচারী/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা/পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, পটুয়াখালী।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৬। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৮। (ক) জনাব দেওয়ান আশরাফুল পারভেজ, সহকারী প্রকৌশলী , বরগুনা পওর বিভাগ, বাপাউবো, বরগুনা।
(খ) জনাব দেওয়ান আশরাফুল পারভেজ, পিতা- মোঃ সানাউল্লাহ দেওয়ান, বাসা-৬৩, জোনাকী রোড, আহমেদ নগর, ডাকঘর+থানা-মিরপুর, ঢাকা-১২১৬।

২১/৩/২৩
(মুঃ নূরুল আমীন)
উপ পরিচালক (অঃদাঃ)
পরিচিতি নম্বর-৭০০৬১৬০০১

E/Asma/OO.Dismiss P-20